

পাওনা টাকার যাকাত কখন দিতে হবে?

প্রশ্ন:

আমি একজনের কাছে চার লাখ টাকা পাই, এখন কি আমাকে সেই টাকার যাকাত দিতে হবে? দিতে হলে কত বছর পর্যন্ত দিব। উল্লেখ্য, বর্তমানে আমার যা ইনকাম তা দিয়ে সংসার চালাতেই কষ্ট হয়।

প্রশ্নকারী-ওসমান শেখ

উত্তর:

আপনি যদি মনে করেন, সেই টাকাগুলো বিলম্বে হলেও পাবেন বা পাওয়ার সম্ভাবনাই বেশি, তাহলে প্রতি বছরই আপনার ওপর তার যাকাত ওয়াজিব হবে। তবে সেটা এখনই আদায় করা জরুরি নয়। ইচ্ছা করলে এখনই দিতে পারেন এবং সম্ভব হলে এটাই উত্তম। আর যদি এখন না দিতে চান বা দিতে কষ্ট হয়, তাহলে যখন হাতে পাবেন, তখন হিসেব করে পেছনের বছরগুলোর যাকাতও আদায় করতে হবে।

আর যদি মনে করেন টাকাগুলো পাওয়ার সম্ভাবনা কম, না পাওয়ার সম্ভাবনাই বেশি, তাহলে আপাতত আপনার ওপর উক্ত টাকার যাকাত ওয়াজিব হবে না। যদি কখনো এই টাকা ফিরে পান, তখন থেকে তার যাকাত আদায় করবেন। এক্ষেত্রে পেছনের বছরগুলোর যাকাতও আদায় করতে হবে না। -রদ্দুল মুহতার: ২/২৬৬, ৩৪৪



আল-লাজনা তুশ শারইয়্যা হ লিদ-দাওয়াতি ওয়ান-নুসরাহ

اللجنة الشرعية للدعوة والنصرة

উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ

fatwaa.org

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

৩০-১১-১৪৪১ হি.

২২-০৭-২০২০ ইং



اللجنة الشرعية للدعوة والنصرة

উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ